



টিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
টিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম
এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd

নম্বর: ২৮.১৩.০০০০.১৭২.৩৭.০০৮.২৪.৯৭

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

প্রাপক:

মোঃ হাবিবুর রহমান, স্বত্বাধিকারী, মেসার্স জয়তুন কর্পোরেশন (ঠিকাদার সংকেত নং- ১.১/২১৬), ঠিকানাঃ ১০৮, শ্যামপুর, কদমতলী, ঢাকা।

বিষয়: কোম্পানীর তালিকাভুক্ত ১.১ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স জয়তুন কর্পোরেশন (ঠিকাদার সংকেত নং- ১.১/২১৬) এর তালিকাভুক্তি বাতিলপূর্বক কালো তালিকাভুক্তকরণ প্রসঙ্গে।

জনাব


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কোম্পানির আবাসিক গ্রাহক জনাব লতিফুর রহমান (গ্রাহক সংকেত নং- ১০৮-৬৮১৬), ২নং কেভি রোড, গেন্ডারিয়া, ঢাকা এর বিচ্ছিন্নকৃত সংযোগটি আর্থিক লেনদেনের মাধ্যমে অবৈধভাবে পুনঃসংযোগ প্রদানের সাথে আপনার ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স জয়তুন কর্পোরেশন এবং প্রতিনিধি জনাব কিরণ চন্দ্র দেবনাথ এর সংশ্লিষ্টতা তদন্ত কমিটির নিকট প্রতীয়মান হয়। আপনার ঠিকাদারী প্রতিষ্ঠান এবং প্রতিনিধি কর্তৃক এহেন কার্যকলাপ গ্যাস পাইপ লাইন নির্মানকারী ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদারগণের জন্য তালিকাভুক্তি তফসীলের পরিচ্ছেদ-৩ তালিকাভুক্তির বিশেষ শর্তাবলীর ১৪.৮, ১৫.৬, ১৫.৭ এবং তফসীলের পরিচ্ছেদ-৪ তালিকাভুক্তি চুক্তির সাধারণ শর্তাবলীর ৩.১, ৩.১.৫ ধারার পরিপন্থী।

এমতাবস্থায়, গ্যাস পাইপ লাইন নির্মানকারী ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদারগণের জন্য তালিকাভুক্তি তফসীলের পরিচ্ছেদ-৩ তালিকাভুক্তির বিশেষ শর্তাবলীর ১৪.৮, ১৫.৬, ১৫.৭, এবং তফসীলের পরিচ্ছেদ-৪ তালিকাভুক্তি চুক্তির সাধারণ শর্তাবলীর ৩.১, ৩.১.৫ ধারা মোতাবেক এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আপনার ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স জয়তুন কর্পোরেশন (ঠিকাদার সংকেত নং- ১.১/২১৬) এর তালিকাভুক্তি বাতিলপূর্বক কালোতালিকাভুক্ত করা হলো। কালো তালিকাভুক্ত থাকা অবস্থায় আপনার ঠিকাদারী প্রতিষ্ঠানের সকল কার্যক্রম বন্ধ থাকবে।

এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,



২৬-১১-২০২৪

মো. খালেদ মাকসুদ



উপমহাব্যবস্থাপক (মেটাবিবি-৪) ও সদস্য সচিব,
১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদার নিয়ন্ত্রণ কমিটি।

নম্বর: ২৮.১৩.০০০০.১৭২.৩৭.০০৮.২৪.৯৭/১ (৭)

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (সকল)।
- ২। উপমহাব্যবস্থাপক (সকল)।
- ৩। ব্যবস্থাপক (কারিগরি)- সকল।
- ৪। ব্যবস্থাপক (সাধারণ)- সকল।
- ৫। ব্যবস্থাপক (হিসাব)- সকল।
- ৬। উপমহাব্যবস্থাপক, সফটওয়্যার বিভাগ, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
- ৭। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।



২৬-১১-২০২৪

মো. খালেদ মাকসুদ

উপমহাব্যবস্থাপক